



# গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

## তথ্য অধিদফতর



PRESS INFORMATION DEPARTMENT. GOVERNMENT OF THE PEOPLE'S REPUBLIC OF BANGLADESH

তথ্যবিবরণী

নম্বর- ৩৩

রাজশাহীতে আগামীকাল থেকে শিশুদের কোভিড-১৯ টিকা প্রদান কার্যক্রম শুরু

রাজশাহী; ০৯ ভাদ্র (২৪ আগস্ট):

আগামীকাল বৃহস্পতিবার (২৫ আগস্ট) থেকে রাজশাহী মহানগরীর ৫-১১ বছর বয়সী সকল শিশুদের কোভিড-১৯ টিকা প্রদান কার্যক্রম শুরু হচ্ছে। দেশের সকল সিটি কর্পোরেশনের ন্যায় রাজশাহী সিটি কর্পোরেশনের উদ্যোগে নগরীর সকল শিক্ষা প্রতিষ্ঠানের ৫-১১ বছর বয়সী সকল শিশুদের এ টিকা প্রদান করা হবে।

আগামী ১৪ দিনব্যাপী এই কার্যক্রম পরিচালিত হবে। রাজশাহী সিটি কর্পোরেশন এ লক্ষ্যে সকল প্রস্তুতি সম্পন্ন করেছে। টিকাদান কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পন্ন করতে ইতোমধ্যে রাসিকের স্বাস্থ্যসহকারীদের প্রশিক্ষণ প্রদান করা হয়েছে।

রাসিকের প্রধান স্বাস্থ্য কর্মকর্তা ডাঃ এফএএম আঞ্জুমান আরা বেগম জানান, এই কর্মসূচির প্রথম দিন ৫-১১ বছর বয়সী ৯১৩৫ জন শিশুকে টিকা প্রদানের লক্ষ্যমাত্রা নির্ধারণ করা হয়েছে। ১ম ডোজের ৫৬ দিনের ব্যবধানে ২য় ডোজ প্রয়োগ করা হবে। সুরক্ষা এ্যাপসে (surokha Apps) শিশুদের জন্মনিবন্ধনের মাধ্যমে ভ্যাকসিনের রেজিস্ট্রেশন করা যাবে। সকল প্রাথমিক বিদ্যালয়, কিডারগার্টেন, ধর্মীয় ও অন্যান্য শিক্ষা প্রতিষ্ঠান এবং কমিউনিটিতে পাড়া মহল্লায় সকল ইপিআই টিকাদান কেন্দ্রে এ টিকাদান কার্যক্রম অনুষ্ঠিত হবে।

তিনি আরও জানান, ভ্যাকসিন গ্রহণের জন্য অবশ্যই রেজিস্ট্রেশন কার্ড সাথে নিয়ে আসতে হবে। যাদের হৃদরোগের ইতিহাস, হিমোফিলিয়া, এ্যালার্জিক প্রতিক্রিয়ার ইতিহাস আছে তাদের এবং অসুস্থ ও হাসপাতালে ভর্তিকৃত শিশুদের এই টিকা দেয়া হবে না। ##

.....  
তৌহিদ/সিকান্দার/রুহুল/২০২২/১৮:৫০ ঘ.